



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
০৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ কার্যালয়
জামালপুর সদর, জামালপুর।

৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদের ডিসেম্বর/২০২১ইং মাসের মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ দ্বীন আমিন
সভার স্থান : ইউপি অফিস, সভার তারিখ : ১২-১২-২০২১ইং, সময় : সকাল- ১১.০০ ঘটিকা।

পদবীঃ ইউপি চেয়ারম্যান

সভায় উপস্থিত ব্যক্তিবর্গ : হাজিরা খাতা দ্রষ্টব্য।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।	অধ্যকার সভা জনাব মোঃ দ্বীনআমিন ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে শুরু করা হলো। সভায় গত সভার কার্য বিবরণী পাঠান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।
২। নভেম্বর/২১ইং মাসের আয়-ব্যয় পর্যালোচনা ও অনুমোদন।	সভায় নভেম্বর/২১ইং মাসের আয়-ব্যয় নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হলো। আলোচনা ও পর্যালোচনা করে আয়-ব্যয় সঠিক থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।
৩। মুজিব শতবর্ষে বিজয় দিবস উদযাপন প্রসঙ্গে আলোচনা।	সভায় সভাপতি সাহেব জানান যে, মুজিব শতবর্ষে বিজয় দিবস উদযাপন প্রসঙ্গে আলোচনা করা হোক। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, ১৬ডিসেম্বর-২০২১ তারিখ সকাল ৭.০০টায় ইউপি কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হবে এবং ৭.৩০টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান সহ সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল করা হবে। দোয়া মাহফিল শেষে উপস্থিত সকলকে নাস্তা দেয়া হবে। এ দিবস উদযাপনে ইউপির নিজস্ব তহবিল হতে ২,৫০০/- টাকা ব্যয় করা হবে। উক্ত তারিখে সবাইকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৪। বিবিধ	বিবিধ আলোচনায় ইউপির নব নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যদের গেজেট প্রকাশের বিষয়ে আলোচনা করে জানা গেল এ মাসের শেষের দিকে গেজেট প্রকাশিত হবে। সকল বিভাগীয় কার্যক্রম নিয়ম অনুযায়ী চলমান আছে বলে জানা গেল। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

(মোঃ দ্বীন আমিন)
চেয়ারম্যান

০৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর।